# সরকার গঠন করলে জুলাই সনদ কার্যকর করবে বিএনপি: তারেক রহমান




বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে বিএনপি তাদের নির্বাচনি ইশতেহার প্রকাশ করেছে। শুক্রবার রাজধানীর হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁওয়ে আয়োজিত অনুষ্ঠানে দলের চেয়ারম্যান তারেক রহমান এটি ঘোষণা করেন এবং সরকারে গেলে ‘জুলাই সনদ’ বাস্তবায়নের অঙ্গীকার জানান।

ইশতেহারে ফ্যাসিবাদমুক্ত রাষ্ট্র গঠন, গণতন্ত্রের সুরক্ষা, সুশাসন প্রতিষ্ঠা ও গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। পাশাপাশি মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সংরক্ষণ এবং জুলাই অভ্যুত্থানে শহীদদের স্মরণে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে একটি পৃথক বিভাগ গঠনের প্রস্তাব রয়েছে। বিভিন্ন এলাকায় হাসপাতাল, সড়ক ও শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণ করে সেগুলো শহীদদের নামে নামকরণের কথাও বলা হয়েছে।

সংবিধান সংস্কার প্রসঙ্গে ‘বিসমিল্লাহির রাহমানির রাহিম’ বহাল রাখা, সুষ্ঠু নির্বাচনের জন্য তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহাল এবং একজন ব্যক্তি সর্বোচ্চ ১০ বছর প্রধানমন্ত্রী থাকতে পারবেন—এমন প্রস্তাব ইশতেহারে উল্লেখ আছে।

LENS ASIA

এ ছাড়া কর্মজীবী নারীদের জন্য ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্টফিডিং কর্নার, বেকারত্ব কমাতে কর্মপরিকল্পনা, ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড চালু, খাল খনন কর্মসূচিসহ নানা সামাজিক ও উন্নয়নমূলক উদ্যোগের কথাও তুলে ধরা হয়েছে।